৩৭৮

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট

বিষয় ঃ উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ফারুক ইমরুল কায়েস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ ঃ ১৬/০২/২০২৩ খ্রিঃ

সভার সময় ঃ বেলা- ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক'-তে দেখানো হলো।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী-কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী সভায় উপস্থিত সকল সদস্যগণকে আন্তরিক শুভেচ্ছা জানান ও গত মাসের সভার কার্যবিবরনী পাঠ করে শোনান এতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং অদ্যকার সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, চলতি বোরো মৌসুমে ১০৯৮০ হেক্টর লক্ষমাত্রার বিপরীতে এখন পর্যন্ত ১১০০০ হেক্টর জমিতে বোরো রোপন কাজ সম্পন্ন হয়েছে। রবি মৌসুমে শাকসবজির মধ্যে আলু-৭৪৫ হেক্টর, ভুট্রা- ৭২০ হেক্টর, সরিষা- ৫৩৫ হেক্টর, চিনাবাদাম- ৯০ হেক্টর, অন্যান্য শাকসবজি- ১২০০ হেক্টর জমিতে আবাদ হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে কৃষি প্রনোদনার আওতায় মাসকালাই ৮৪ জন, বোরো হাইব্রিড ধান ৩০০০ জন, বোরো উফশী ২০০০ জন, শতিকালীন শাকসবজি ১১৪০ জন, গম ৯৮০, ভুট্রা ৭৯০, সরিষা ২১৪০ জন, চিনাবাদাম ৫০ জন, পিঁয়াজ ৪৫ জন, মুগডাল ৪০ জন ক্ষুদ্র প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে। বর্তমানে ইউরিয়অ সার ৪৭০.০০ মেঃটন, টিএসপি ২৫৫ মেঃটন, এমওপি ২৮৫ মেঃটন এবং ডিএপি ২৬০ মেঃটন রাসায়নিক সার মজুদ আছে। মাঠে পোকা-মাকড় ও রোগবালাইয়ের আক্রমন নিয়ন্ত্রনে রয়েছে। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কৃষি বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার আদিতমারী। |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট- সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আদিতমারী, লালমনিরহাট- ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল (যার জনবল ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতালের)। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী ও অন্তঃ বিভাগ সপ্তাহের ৭ দিন ২৪ ঘন্টা খোলা থাকে। আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং দুর্গাপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের বহিঃবিভাগ প্রত্যেক শনিবার হতে বৃহস্পতিবার পর্যন্ত সকাল ৮.০০ ঘটিকা হইতে বেলা ২.৩০ ঘটিকা পর্যন্ত খোলা থাকে এবং কমিউনিটি ক্লিনিক, টিকাদান কর্মসূচি সহ অন্যান্য মাঠকার্য সকাল- ৯.০০ ঘটিকা হতে বিকাল- ৩.০০ ঘটিকা পর্যন্ত চলমান থাকে। তিনি আরও জানান যে, জানুয়ারি/২০২৩ ইং মাসে অত্র উপজেলায় মোট ১৭ জন চিকিৎসকের মধ্যে ১২ জন চিকিৎসক কর্মরত আছেন। বর্তমানে ১২ জন চিকিৎসক দিয়ে উপজেলার সকল চিকিৎসা কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২৬ জন সিনিয়র ষ্টাফ নার্স, ০৫ জন মিডওয়াইফ ও সহঃ নার্স ০১ জন এবং ১০ জন সাব-এ্যাসিস্টেন্ট কমিউনিটি মেডিকেল অফিসারের মধ্যে ০৪ জন বর্তমানে কর্মরত আছেন। বহিঃবিভাগে রোগীর সংখ্যা মোটঃ ৫১৬৪ জন। জরুরী বিভাগে মোট সেবাঃ ৮৮৩ জন। তন্মধ্যে | স্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা আদিতমারী, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আন্ত:বিভাগে ভর্তি রোগীর সংখ্যা মোট- ৪৫৫ জন। মাঠ পর্যায়ে সিএসবিএ কর্তৃক মোট প্রসব পূর্ববর্তী সেবা- ৪৯৫ জন এবং মোট প্রসব- ২৮ টি। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আদিতমারী-তে মোট প্রসব পূর্ববর্তী সেবা- ১৭০ জন, মোট প্রসব- ৪৭ টি। সার্ভিক্যাল এন্ড ব্রেষ্ট ক্যান্সার স্ক্রিনিং কার্যক্রমে ৩০ টি পরীক্ষা করা হয়েছে। প্রতিদিন সকাল- ৮.০০ ঘটিকা হতে বেলা ২.৩০ মিনিট পর্যন্ত সার্ভিক্যাল এন্ড ব্রেষ্ট ক্যান্সার স্ক্রিনিং পরীক্ষা করা হয়। কমিউনিটি ক্লিনিকে রোগীর সংখ্যা- ২০১৭৫ জন। ইপিআই পরীক্ষার কার্যক্রম চলমান। আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং দুর্গাপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে আইএমসিআই ও পুষ্টি কার্যক্রম চলমান। কমিউনিটি ভিশন সেন্টারে সপ্তাহে ০৬ দিন চোখ পরীক্ষা এবং চশমা বিনামূল্যে বিতরণ করা হয়। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের ওটি কমপ্লেক্স অপারেশন করার জন্য প্রস্তুত করা হলেও বিশেষজ্ঞ চিকিৎসক না থাকায় মেজর সার্জারি করা সম্ভব হচ্ছে না। এছাড়া স্বাস্থ্য বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ০৩ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী সভায় জানুয়ারি/২০২৩ খ্রিঃ মাসের দাপ্তরিক কার্যক্রম নিম্নরুপভাবে উপস্থাপন করেন। কৃত্রিম প্রজনন সম্প্রসারণ- ৪৫০ টি, প্রাকৃতিক ছাগী প্রজনন (সংখ্যা)- শংকর জাতের বাছুর উৎপাদন- ১৭০, টিকা প্রদান সম্প্রসারণ ঃ গবাদি পশুর- ১০৫৬৮ টি, হাঁস-মুরগীর- ৫৩৪০০ টি, চিকিৎসা প্রদান- গবাদি পশুর চিকিৎসা প্রদান- ২৩৯৫ টি, হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান- ১১৬০০টি, রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা)- ১০, ডিজিজ সার্ভিল্যান্স (সংখ্যা)- ০২, প্রশিক্ষণের মাধ্যমে খামারীদের দক্ষতা বৃদ্ধিকরণ (সংখ্যা)- ৩২ জন, উঠান বৈঠকের আয়োজনের সংখ্যা- ০৫টি, উঠান বৈঠকে অংশ গ্রহণকারীর সংখ্যা- ৫৮ জন, ঘাষ চাষ সম্প্রসারণ (একর)- ১ একর, খামার/ফিড মিল/হ্যাচারী পরিদর্শন (সংখ্যা)- ১৮, ডিম উৎপাদন- ৩৮.৩ লক্ষ, দুধ উৎপাদন- ১৭৩০.২ মেঃ টন, মাংস উৎপাদন- ১০৩৭.৬ মেঃটন, ফ্রি ভেটেরিনারি মেডিকেল টিম- ০১। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী। |
| ০৪ | প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টারপ্লান প্রনয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের (১ম সংশোধিত) এর ১৩/১০/২০২২ খ্রিঃ তারিখের স্মারক নং- ১৬১০ এর পত্র মোতাবেক আদিতমারী উপজেলা শহরের বিভিন্ন স্থানে সড়ক, ড্রেন, কালভার্ট, পাবলিক টয়লেট, কসাই খানা, কাঁচা বাজার স্থাপন ও নির্মাণ করার জন্য সদয় নির্দেশনা পাওয়া গিয়াছে। সেপ্রেক্ষিতে উক্ত প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের প্রাক্কলিত মূল্য এবং ডিজাইন মোতাবেক সঠিক স্থান নির্ধারণসহ জরুরী ভিত্তিতে অনুমোদনের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা প্রয়োজন মর্মে উপজেলা প্রকৌশলী, সভায় উপস্থিত সকল সদস্যগণের মতামত কামনা করেন এবং আন্তরিক সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে আদিতমারী উপজেলা শহরের বিভিন্ন স্থানে সড়ক, ড্রেন, কালভার্ট, পাবলিক টয়লেট, কসাই খানা, কাঁচা বাজার স্থাপন ও নির্মাণ কাজের জন্য সকল সদস্য একমত পোষণ করেন এবং প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত সঠিক স্থান নির্ধারণসহ প্রাক্কলিক মূল্য, ডিজাইন এবং প্রয়োজনীয় কাগজপত্রাদি উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য জরুরীভাবে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী ও উপজেলা প্রকৌশলী আদিতমারী, লালমনিরহাট। |
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ৮৮% পাঠ্যপ্রস্তক পাওয়া গেছে। অবশিষ্ট পাঠ্যপুস্তক খব শীঘ্রই পাওয়া যাবে। এছাড়া বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | শিক্ষা বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী |
| ০৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানুয়ারি/২০২৩ মাসের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পাঠদান কার্যক্রম চালু রয়েছে। ২০২৩ শিক্ষাবর্ষে পাঠ্যপুস্তকসমূহ ইতিমধ্যে শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ সম্পন্ন হয়েছে। অত্র উপজেলায় ১০০% বই বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদিতমারী |

| | | | | |
|---|---|---|---|---|
| | বায়ন<br>াগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আদিতমারী সভায় ২০২২-২০২৩ অর্থ বছরে আদিতমারী উপজেলায় বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতির বিবরণ নিম্নরুপ ভাবে উপস্থাপন করেন। কাবিখা নির্বাচনী এলাকা ভিত্তিক (১ম পর্যায়ে) ঃ নগদ অর্থের পরিমান- ৪২,০০,০০০/- টাকা, প্রকল্প সংখ্যা- ২৮,টি কাজের অগ্রগতি- ১০০%। চালের বিপরীতে বরাদ্দের পরিমান- ৪০.০০০ মেঃটনঃ প্রকল্প সংখ্যা- ১০ টি, কাজের অগ্রগতি- ১০০%। গমের বিপরীতে বরাদ্দের পরিমান- ৪০.০০০ মেঃটনঃ প্রকল্প সংখ্যা- ০৮ টি, কাজের অগ্রগতি- ১০০%।কাবিখা নির্বাচনী এলাকা ভিত্তিক (২য় পর্যায়ে) ঃ নগদ অর্থের পরিমান- ৯৪,৫৭,৪৯২/৭০/- টাকা, প্রকল্প সংখ্যা-নেই। চালের বিপরীতে বরাদ্দের পরিমান- ৬৩.০৫০ মেঃটনঃ প্রকল্প সংখ্যা- নেই, গমের বিপরীতে বরাদ্দের পরিমান- ১২৬.১০০ মেঃটনঃ প্রকল্প সংখ্যা- নেই। কাবিখা সাধারণ (১ম পর্যায়ে)ঃ নগদ অর্থের পরিমান- ৪২,২৬,৪১০/৬৮ টাকা, প্রকল্প সংখ্যা- ১৯, কাজের অগ্রগতি- ১০০%। চালের বিপরীতে বরাদ্দের পরিমান- ২৮.১৭৬৪ মেঃ টনঃ প্রকল্প সংখ্যা- ০৬, কাজের অগ্রগতি- ১০০%। গমের বিপরীতে বরাদ্দের পরিমান- ২৮.১৭৬৪ মেঃ টনঃ প্রকল্প সংখ্যা- ০৫, কাজের অগ্রগতি- ১০০%। কাবিখা সাধারণ (২য় পর্যায়ে)ঃ নগদ অর্থের পরিমান- ৪২,১৮,৭৯৩/৩৫ টাকা, প্রকল্প সংখ্যা- ২২, চালের বিপরীতে বরাদ্দের পরিমান- ২৮.১৫৫২ মেঃ টনঃ প্রকল্প সংখ্যা- ০৯, কাজের অগ্রগতি- ৫০%। গমের বিপরীতে বরাদ্দের পরিমান- ৫৬.৩১০৩ মেঃ টনঃ প্রকল্প সংখ্যা- ১০, কাজের অগ্রগতি- ৫০%। টি,আর (নির্বাচনী) ১ম পর্যায়ে ঃ বরাদ্দের পরিমান- ৪০,০০,০০০/- টাকা, প্রকল্প সংখ্যা- ৫৯, কাজের অগ্রগতি- ১০০%। টি,আর (নির্বাচনী) ২য় পর্যায়ে ঃ বরাদ্দের পরিমান- ৪৪৪,৫৮,৩৩৪/- টাকা, প্রকল্প সংখ্যা- নেই টি,আর (সাধারণ) ১ম পর্যায়ে ঃ বরাদ্দের পরিমান- ৩৩,০৭,১২৮/৭১ টাকা, প্রকল্প সংখ্যা- ২৬ টি, কাজের অগ্রগতি- ১০০%। টি,আর (সাধারণ) ২য় পর্যায়ে ঃ বরাদ্দের পরিমান- ১৭,০৭,১৭৪/০৭ টাকা, প্রকল্প সংখ্যা- ১৮ টি। টি,আর (জেলা প্রাশাসক) ১ম পর্যায়ে ঃ বরাদ্দের পরিমান- ২,০০,০০০/- টাকা, প্রকল্প সংখ্যা- ০২ টি, কাজের অগ্রগতি- ৭৫%। ইজিপিপি কর্মসূচি (১ম পর্যায়ে) বরাদ্দ ঃ ২,২৭,৩৬,০০০/- প্রকল্প সংখ্যা- ৬৪, কাজের অগ্রগতি- ৯৯.৬৫% বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণ ঃ বরাদ্দের পরিমান- ২,৮২৪৮,৩৮৪/০৭ এবং ২,৮২,২০,৯২৭, প্রকল্প সংখ্যা- ০২, ব্যয়ের পরিমান- ২,৮২,৪৮,৩৮৪/০৭ এবং ৪৮,১৬,৫৫৩/৭৬ টাকা কাজের অগ্রগতি- ১০০% এবং ৪০%। সেতু/গার্ডার ব্রীজ প্রকল্পের বরাদ্দ- ২,৮২,৪২,৭৭৫/- টাকা প্রকল্প সংখ্যা- ০৪, ব্যয়ের পরিমান- ৬০,০০,০০০/- টাকা, কাজের অগ্রগতি- ৬০%। এইচ বিবি (দরপত্র নং- ০৩) প্রকল্পের বরাদ্দ- ৫৯,২৩,২৫০/- টাকা, প্রকল্প সংখ্যা- ০১টি, ব্যয়ের পরিমান- ৩০,০০,০০০/- টাকা, কাজের অগ্রগতি- ৫০%। এইচ বিবি (দরপত্র নং- ০১) প্রকল্পের বরাদ্দ- ৬৭,১২,০০০/- টাকা, প্রকল্প সংখ্যা- ০১টি, ব্যয়ের পরিমান- ১২,০০,০০০/- টাকা, কাজের অগ্রগতি- ৯০%। অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন প্রকল্পের বরাদ্দ- ৫,৯২,৩৬,০৪৪/- টাকা প্রকল্প সংখ্যা- ৩৯টি ব্যয়ের পরিমান-৮৬,৬৬,৮৬৫/- কাজের অগ্রগতি- ৬০%। মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণের বারাদ্দ ঃ ২,৪০,৪৫,১০০/- প্রকল্প সংখ্যা- ৮৩, ব্যয়ের পরিমান- ২,০৩,৯২,২৯২/- কাজের অগ্রগতি- ৮৩%। ঢেউটিন ও গৃহনির্মাণ অর্থ ঃ বরাদ্দের পরিমান- ২০ বান + ৬০,০০০/- পরিবার সংখ্যা- ১০টি ব্যয়ের পরিমান- | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আদিতমারী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নেই, কাজের অগ্রগতি- নেই। জিআর ক্যাশ ঃ (বিদ্যুৎ ও পানিতে ডুবে মৃত্যু) ঃ বরাদ্দ পরিমান- ৩০,০০০/- টাকা, পরিবারের সংখ্যা- ০২টি, ব্যয়ের পরিমান- ৩০,০০০/- কাজের অগ্রগতি- ১০০%। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ০৮ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, আদিতমারী |
| ০৯ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার, সভায় জানান যে, প্রতি বছর ১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত জাটকা সংরক্ষণ কার্যক্রম চালানো হয়। এ উপলক্ষে বিভিন্ন হাট বাজারে মাইকিং, প্রচারণা চালানো ও লিফলেট বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য অফিসার আদিতমারী |
| ১০ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় জানুয়ারি/২০২৩ খ্রিঃ মাসের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপে উপস্থাপন করেন। পরিবার পরিকল্পনা কার্যক্রম ঃ মোট সক্ষম দম্পতি ঃ ৫০,২৬৫ জন, মোট পদ্ধতি গ্রহণকারী ঃ ৪০,৯৬৯ জন, পদ্ধতি গ্রহণকারীর হার (CAR) ঃ ৮১.৫১%, স্থায়ী পদ্ধতি ঃ পুরুষ- ০১ জন, মহিলা- ০৯ জন, মোট স্থায়ী পদ্ধতি গ্রহণকারী ঃ ১০ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি ঃ আইইউডি- ৬৬ জন, ইমপ্লান্ট- ৬৫ জন, অস্থায়ী পদ্ধতি ঃ খাবার বড়ি সুখী বিতরণ- ১৫,৯৫২ সাইকেল, খাবার বড়ি আপন বিতরণ- ২১১ সাইকেল, কনডম- ১২,৭২৯ পিছ, ইনজেকটেবল্‌স- ৩৬২৯ ভায়েল। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমে গর্ভবতী মায়ের সংখ্যা- ১,৬০৩ জন, গর্ভবতী পরিচর্যা- ১,০৫৩ জন, গর্ভোত্তর সেবা- ৯৫৩ জন, জীবিত জন্ম- ২৪৭ জন, ০-৫ বছরের শিশু পরিচর্যা- ৩,১৫৯ জন, সাধারণ রোগী সেবা- ৫,৯৭০ জন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার আদিতমারী |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সভায় জানান যে, চলতি অর্থবছরে মোট ১টি ব্যাচে ৩০ জন বেকার যুব ও যুব মহিলাকে গরু মোটা তাজা করণ বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। মোট ০৫ জন বেকার যুব ও যুব মহিলাকে ২,৯২,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। মোট ঋণ- ১১৭৩ জন, সর্বমোট বিতরণ- ২,২৮,১৫,০০০/- মোট প্রশিক্ষণ- ৮,৫৯৯ জন। যুব ৩,৫৩৪ জন এবং যুব মহিলা- ৫,০৬৫ জন। মোট আত্মকর্মী- ৪,৭৮০ জন, যুব- ১৯৯৭ জন এবং যুব মহিলা- ২,৭৮৩ জন। মোট যুব সংগঠন- ১২টি। ঋণ আদায়ের হার- ৭২%। এছাড়া বিভাগের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বিভাগরে দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম গতিশীল ও করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী |
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সভায় উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কর্মকর্তা আদিতমারী লালমনিরহাট সভায় জানান যে, (১) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৮টি কমিউনিটি নলকূপের বোরিং কাজ চলমান, (২) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০৮ টি ৬নং অগভীর নলকূপের কাচ চলমান এবং (৩) মুজিববর্ষ (৪র্থ পর্যায়ে) উপলক্ষে আবাসন প্রকল্পে ১২টি ৬নং অগভীর নলকূপের কাজ শেষ পর্যায়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য সহকারী জনস্বাস্থ্য কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, আদিতমারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | ভাগ | সভায় উপজেলা সমবায় অফিসার, আদিতমারী সভায় জানান যে, বিভাগীয় অডিট যোগ্য সমিতির সংখ্যা- ১২৮ টি, অডিট সম্পাদনকৃত সমিতির সংখ্যা- ৩১ টি, অডিট নোট দাখিল-৩১ টি, ধার্যকৃত অডিট সেস- ১৩,১৬০/- টাকা, আদায়কৃত অডিট সেস- নেই। অনাদায়ী অডিট সেস- ১৩,১৬০/- টাকা, ১৫% ভ্যাট আদায়- নেই, আদায় হার- নেই। ধার্যকৃত সিডিএফ- ৩,৯৪৪/- টাকা, আদায়কৃত সিডিএফ- নেই, অনাদায়ী সিডিএফ- ৩,৯৪৪/- টাকা, আদায় হার- নেই। সমিতির সংখ্যা- ০৬ টি। আশ্রয়ন/আশ্রয়ন (ফেইজ ২) এর অনুকূলে মোট আশ্রয়ন- ৪টি এবং সমিতি মোট- ০৫ টি। ব্যারাক সংখ্যা- ২২ টি, কক্ষ ও পূনর্বাসিত পরিবার সংখ্যা- ২২০ টি, মোট সদস্য সংখ্যা- ৪৫১ জন (পুরুষ- ২১২, মহিলা- ২৩৯ জন), কমিউনিটি সেন্টার- ০৩ টি, পুকুর/দিঘী- ০৩ টি। আবাস হতে প্রাপ্ত মোট বরাদ্দ- ১৬,৬০,০০০/- টাকা, প্রকল্পে ঋণ দাদন- ৪০,৪৩,৫০০/- টাকা, ঋণ আদায়- ২৭,৩৩,২৭৭/- টাকা (আসল- ২৫,৩২,২০১/- টাকা, সাঃ চাঃ ২,০২,৫৭৬/- টাকা)। খেলাপী ঋণ- ১৭,৯৫,৬২৩/- টাকা, আদায়ের হার- ৬৫%। আবাসের সার্ভিস চার্জ প্রেরণ- ৭৩,৪৫৪/- টাকা। এছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সমবায় বিভাগের কার্যক্রম সঠিকভাবে তদারকি করার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয় | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী। |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানুয়ারি/২০২৩ খ্রিঃ মাসের গৃহিত কার্যক্রমের বিষয়ে দাপ্তরিক কাজের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপ ভাবে উপস্থাপন করেন। (১) ফসলী ঋণ ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ নেই,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে নেই, ক্রমঃ নেই। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে-নেই, ক্রমঃ নেই। (২) মেয়াদী ঋণ ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ নেই,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে নেই, ক্রমঃ নেই। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে-নেই, ক্রমঃ নেই। (৩) আবর্তক ঋণ ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- ০.৩৫, ক্রমঃ ১১.৬৫,। ঋণ বিতরণ ঃ মাসে- ২.৪০, বছরে- ৫.৬২, ক্রমঃ ২৩২.৭১। ঋণ আদায় ঃ মাসে- ১.১২, বছরে- ৩.৭৩, ক্রমঃ ১৯২.৬৬। (৪) সদাবিক ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ ৮.৫০,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে নেই, ক্রমঃ ১৮০.১০। ঋণ আদায় ঃ মাসে- ০.৩১, বছরে- ০.৮০, ক্রমঃ ১৩৯.৭২।(৫) পল্লী প্রগতিঃ- পুজি গঠন ঃ- মাসে-০.১৫, বছরে- ০.৫০, ক্রমঃ ১.৭৪,। ঋণ বিতরণ ঃ মাসে-১.০০, বছরে- ৭.৫০, ক্রমঃ ৩৭.৭৯। ঋণ আদায় ঃ মাসে- ০.৫০, বছরে- ৬.৯০, ক্রমঃ ২০.৩২।(৬) অস্বচ্ছল মুক্তিযোদ্ধা ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ নেই। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে- ২.৫০, ক্রমঃ ১৪.৬৪। ঋণ আদায় ঃ মাসে- ০.০৫, বছরে- ০.৪৯, ক্রমঃ ৭.৪৫।(৭) উদকনিকঃ- পুজি গঠন ঃ- মাসে- ০.১০, বছরে- ০.৫০, ক্রমঃ ৪.১০। ঋণ বিতরণ ঃ মাসে- ৬.৭০, বছরে- ৬.৭০, ক্রমঃ ১১৬.৮০। ঋণ আদায় ঃ মাসে- ০.১২, বছরে- ৩.৩২, ক্রমঃ ৯২.৪৬।(৮) অপ্রধান শস্য ঃ- পুজি গঠন ঃ- মাসে- ০.৪০, বছরে- ০.৪২, ক্রমঃ ৮.৫৮। ঋণ বিতরণ ঃ মাসে- ৩.৮০, বছরে- ৩.৮০, ক্রমঃ ৪৮.৬৬। ঋণ আদায় ঃ মাসে- ১.২০, বছরে- ৮.৪৪, ক্রমঃ ২৭.৭৭।(৯) গুচ্ছ গ্রাম ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ ০.৪৯,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে-নেই, ক্রমঃ ৪.১০। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে- ২.৬১, ক্রমঃ ২.৬১। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ১৬ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, আদিতমারী উপজেলায় ৫৪টি করাতকলের মধ্যে ১৭টি বৈধ লাইসেন্স রয়েছে। ১৪টি করাত কলের মালিক লাইসেন্সের জন্য আবেদন করেছেন। অবৈধ করার কলের তালিকা ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বরাবর প্রেরণ করা হয়েছে। সভায় তিনি অবৈধ করাতকলের মালিকগনের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার অনুরোধ করেন। এছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলায় অবৈধ করাত কলের মালিকগণের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করে সকলকে বৈধ লাইসেন্সের আওতায় আনার সিদ্ধান্ত গৃহিত হয় এবং বন বিভাগের সকল কার্যক্রমে আরও গতিশীল করার জন্য উপজেলা বন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, আদিতমারী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, সভায় নিম্নরুপ ভাবে দাপ্তরিক কার্যক্রম উপস্থাপন করেন (ক) চাল আমন সংগ্রহ/২২ লক্ষমাত্রা ১৮৬৬.৭৮০ মেঃটন, অর্জিত- ১৫৫৮.৪১০ মেঃটন, অবশিষ্ট ৩০৮.৩৭০ মেঃটন। (খ) ধান আমন সংগ্রহ/২২ লক্ষমাত্রা ৭৪৩.০০ মেঃটন, অর্জিত- নেই, (গ) মজুদ সংখা হিসাবঃ চাল ৮০৫.৩২৮ মেঃটন, গম- ৯৩.৭৮৩ মেঃটন, কার্নেল ০.১৩৭/৩০০৬৪৬, খালিবস্তা মজুদ- ৬১৮৬০ খানা। তিনি আরও জানান যে, খাদ্যবান্ধব কর্মসূ তে মোট ভোক্তার সংখ্যা ১১৫৫৬ জন, অনুমোদিত ভোক্তা- ১১৩২৪ জন। খাদ্য বান্ধব কর্মসূচি আগামী ২০/০২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে চালান জমা করে অনুমোদিত ভোক্তাগণের চাল ডিলারগণের মাধ্যমে চাল উত্তোলন পূর্বক বিতরণ আগামী ২২/০২/২০২৩ খ্রিঃ তারিখ হতে শুরু হবে। এছাড়া বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কর্মকর্তা আদিতমারী |
| ১৮ | সাব-রেজিষ্টার বিভাগ | সাব-রেজিষ্টার কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল করার জন্য সাব-রেজিষ্টার কর্মকর্তা কে অনুরোধ করা হয়। | সাব-রেজিষ্টার আদিতমারী |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের কার্যক্রম সম্পর্কে কিছু জানা গেলো না। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপককে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক আদিতমারী, লালমনিরহাট। |
| ২০ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানুয়ারি/২০২৩ মাসের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে সভায় জানান যে, (১) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৪৩ তম জাতীয় সমাবেশ ২০২৩ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে দরবারে অংশ গ্রহণের জন্য আনসার ও ভিডিপি একাডেমি, গাজীপুরে ১ (এক) জন ভিডিপি সদস্য প্রেরণ করা হয়েছে (২) ২১ (একুশ) দিন মেয়াদী অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণে মহিলা ১ (এক) জন দলনেত্রীকে গাজীপুরে আনসার ও ভিডিপি একাডেমিতে প্রেরণ করা হয়েছে (৩) বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | উপজেলা আনসার ভিডিপি অফিসের কার্যক্রম আরও জোরদার করার জন্য আনসার ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করা হয় | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা আদিতমারী |
| ২১ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার, সভায় জানান যে, (ক) ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম ২০২২ এর কার্যক্রমে সংগৃহীত তথ্যের ভিত্তিতে যেসব ভোটার ০১ জানুয়ারি ২০২৩ তারিখে ভোটার হিসেবে যোগ্য হয়েছেন তাদের খসড়া ভোটার তালিকা ১৫ জানুয়ারি ২০২৩ তারিখে প্রকাশ করা হয়। প্রকাশিত ভোটার তালিকার মুদ্রিত কপি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ে সর্বসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখা হয়, (খ) উক্ত খসড়া ভোটার তালিকার উপর জেলা নির্বাচন অফিসার, লালমনিরহাট ও সংশোধনকারী কর্তৃপক্ষের নিকট ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য মোট ১৫৯ জন ভোটারের ও সংশোধনের জন্য ৪০ জন ভোটারের আবেদন পাওয়া যায়। প্রাপ্ত আবেদন সমূহ ০৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে শুনানি অন্তে সংশোধনকারী কর্তৃপক্ষ নিষ্পত্তি করেন, (গ) হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা আগামী ০২ মার্চ ২০২৩ তারিখে প্রকাশ করা হবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | উপজেলা নির্বাচন অফিসের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার আদিতমারী |
| ২২ | পল্লী বিদ্যুৎ সমিতি, আদিতমারী | সভায় পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী জোনাল অফিস এর ডিপুটি জেনারেল ম্যানেজার, জানান যে, পল্লী বিদ্যুৎ অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পল্লী বিদ্যুৎ অফিসের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য ডিপুটি জেনারেল ম্যানেজার, আদিতমারী-কে অনুরোধ করা হয়। | ডিপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী। |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, আদিতমারী | সভায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, অনুপস্থিত থাকায় তাঁর বিভাগের কিছু জানা গেলো না। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, আদিতমারী। |

<table>
<tr><td></td><td>[illegible]ান<br>[illegible]ফিস</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী, লালমনিরহাট সভায় জানুয়ারি/২৩ মাসের কার্যক্রম সম্পর্কে জানান যে, (১) Sample Vital Registration System (SVRS) প্রকল্পের জন্ম, মৃত্যু, বিবাহ, তালাকের মাঠ পর্যায়ের কাজ চলমান, (২) ফেব্রুয়ারি/২৩ মাসের প্রধান ও অপ্রধান বিভিন্ন ফসলের তথ্য-উপাত্ত সংগ্রহ ও জেলা পরিসংখ্যান অফিস, লালমনিরহাট এ রিপোর্ট প্রদান, (৩) ২টি প্রতিষ্ঠানকে জনশুমারী ও গৃহগণনা- ২০২২ এর প্রিলিমিনারী প্রক্ষেপণ অনুযায়ী জনসংখ্যার সনদ প্রদান (৪) Literacy Assesment Servay (LAS) প্রকল্পের "টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরুপণ" শীর্ষক কাজ চলমান। এছাড়া বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>পরিসংখ্যান বিভাগের কার্যক্রম আরও সঠিক ভাবে পরিচালনার করার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী</td></tr>
<tr><td>২৫</td><td>তথ্য আপা প্রকল্প</td><td>সভায় তথ্য আপা প্রকল্পের তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী জানান যে, আদিতমারী উপজেলা তথ্যকেন্দ্রে বিনামূল্যে নারীদের প্রাথমিক স্বাস্থ্যসেবা, অনলাইন ভিত্তিক সেবা, নারী নির্যাতন, বাল্যবিবাহ সম্পর্কিত বিভিন্ন সমস্যার সমাধান ও পরামর্শ প্রদান এবং ই-কমার্সের তথ্য প্রদান ও উদ্যোক্তা নারীদের অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে। এছাড়া দুর্গাপুর ইউনিয়নে ১টি এবং ভেলাবাড়ী ইউনিয়নে ১টি উঠান বৈঠকে মোট ১০০ জন সেবা গ্রহিতাকে তথ্যসেবা প্রদান করা হয়েছে এবং ডোর-টু-ডোর সেবা ৬০০ জন ও তথ্যকেন্দ্রে ৫০ জনকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়া তথ্যকেন্দ্রে সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>তথ্যআপা প্রকল্পের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী</td></tr>
<tr><td>২৬</td><td>উপজেলা পাট উন্নয়ন দপ্তর</td><td>সভায় উপজেলা পাট অফিসার, আদিতমারী, লালমনিরহাট জানান যে, বিভাড়ের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>উপজেলা পাট অফিসের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা পাট অফিসারকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পাট অফিসার, আদিতমারী</td></tr>
<tr><td>২৭</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস</td><td>সভায় উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জানুয়ারি/২০২৩ মাসের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে নিম্নরুপভাবে আলোচনা করেন,
<table>
<tr><th>বিবরণ</th><th>২০২১-২২ অর্জন</th><th>২০২২-২৩ লক্ষ মাত্রা</th><th>জানুয়ারি/২৩ অর্জণ</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>মোট সমিতি সংখ্যা</td><td>৬৭টি</td><td>৭০টি</td><td>৬৮টি</td><td>৭০টি</td></tr>
<tr><td>মোট সদস্য সংখ্যা</td><td>২০১৩ জন</td><td>২৪০০ জন</td><td>২০৪৩ জন</td><td>২৩০০ জন</td></tr>
<tr><td>ক্ষুদ্র ঋণ গ্রহণকারী সদস্য</td><td>১১৬২ জন</td><td>১৫০০ জন</td><td>১২০১ জন</td><td>৩৩০০ জন</td></tr>
<tr><td>নারী উদ্যোক্তা ঋণী সদস্য</td><td>১৬৫ জন</td><td>১৮০ জন</td><td>১৬৯ জন</td><td>১৯৫ জন</td></tr>
<tr><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণী সদস্য</td><td>১৫০ জন</td><td>২০০ জন</td><td>১৬৮ জন</td><td>১৯৯ জন</td></tr>
<tr><td>কোভিড-১৯ প্রণোদনা ঋণী</td><td>৪৫ জন</td><td>-</td><td>-</td><td>৪৫ জন</td></tr>
<tr><td>ক্ষুদ্র ঋণ বিতরণ</td><td>১৪১.৪০ লক্ষ</td><td>২০০ লক্ষ</td><td>৯৮.০৮ লক্ষ</td><td>১৪০০.০১ লক্ষ</td></tr>
<tr><td>নারী উদ্যোক্ত ঋণ বিতরণ</td><td>৮৬.৬৫</td><td>১২০</td><td>৬৬.১০</td><td>৩০১</td></tr>
<tr><td>ক্ষুদ্র উদ্যোক্ত ঋণ বিতরণ</td><td>১৮২.৮০</td><td>৩০০</td><td>৯৫.৬০</td><td>৮৮২.২০</td></tr>
<tr><td>কোভিড-১৯ প্রণোদনা বিতরণ</td><td>৭৪</td><td>-</td><td>-</td><td>৭৪</td></tr>
<tr><td>মোট বিতরণ</td><td>৪৮৪.৮৫</td><td>৬২০</td><td>২৫৯.৭৮</td><td>২৬৫৭.২১</td></tr>
<tr><td>মোট আদায়</td><td>৪৪৪.৫৩</td><td>৫২০.০০</td><td>৩০২.৪৪</td><td>২৫০৭.৫১</td></tr>
<tr><td>আদায়ের হার</td><td>৯৫%</td><td>১০০%</td><td>৯৭%</td><td>৯৮%</td></tr>
<tr><td>মোট সঞ্চয়ের স্থিতি</td><td>৭১.৯৩</td><td>৪০</td><td>২৪.৩৪</td><td>১২১.৭৭</td></tr>
<tr><td>মোট খেলাপীর স্থিতি</td><td>১৪৭.১১</td><td>১২০</td><td>১৫.০৯</td><td>১৬২.৯৭</td></tr>
</table>
এছাড়া বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসারকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার আদিতমারী, লালমনিরহাট।</td></tr>
<tr><td>২৮</td><td>উপজেলা কমিটি</td><td>সভায় আলোচনাকালে স্থায়ী কমিটির সভাপতিগণ জানান যে, নীতিমালার আলোকে নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভার কার্যক্রম চলমান রয়েছে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে স্থায়ী কমিটির সভাগুলোকে আরও গতিশীল করার জন্য সভায় অনুরোধ করা হয়।</td><td>সভাপতি উপজেলা স্থায়ী কমিটি আদিতমারী</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ক) সভায় আলোচনাকালে সভাপতি জানান যে, উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের হোল্ডিং কর পরিশোধের নিমিত্ত ভাদাই ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক- ৫৪,৬৯১/-(চুয়ান্ন হাজার ছয়শত একানব্বই) টাকার হোল্ডিং করের বিল পাওয়া গিয়াছে। যা পরিশোধের নিমিত্ত সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরের হোল্ডিং করের ৫৪,৬৯১/-(চুয়ান্ন হাজার ছয়শত একানব্বই) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট। |
| | | (খ) সভায় আলোচনা কালে জানা যায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহোদয়ের জানুয়ারি/২০২৩ মাসের ভ্রমন ভাতা বিল- ১১,২৫০/- টাকা, ফেব্রুয়ারি/২০২৩ মাসের- ১০,৬২৫/- টাকার ভ্রমান ভাতা বিল পাওয়া গিয়াছে। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ মহোদয়ের আগষ্ট/২২ মাসের- ৬৪৬৮/-টাকা, সেপ্টেম্বর/২২ মাসের- ৫৯২৮/- টাকা, অক্টোবর/২২ মাসের ৬৪৮৮/- টাকা, নভেম্বর/২২ মাসের- ৭০২৬/- টাকা, ডিসেম্বর/২২ মাসের- ৭৫৬৩/- টাকা এবং জানুয়ারি/২৩ মাসের- ৭০২৮/- টাকা মোট= ৪০৫০১/- টাকা। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের আগষ্ট/২২ মাসের ভ্রমন ভাতা বিল- ৬৫১০/- টাকা, সেপ্টেম্বর/২২ মাসের- ৫৯৪০/- টাকা, অক্টোবর/২২ মাসের- ৬৫১০/- টাকা, নভেম্বর/২২ মাসের- ৭০৩৬/- টাকা, ডিসেম্বর/২২ মাসের- ৭৫৭২/- টাকা এবং জানুয়ারি/২৩ মাসের- ৭০২৮/- টাকার মোট= ৪০,৫৯৬/- টাকা। ভ্রমন ভাতা বিল পাওয়া গিয়াছে। উক্ত ভ্রমন ভাতা বিলগুলো সভায় অনুমোদন সাপেক্ষে উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য বিস্তারিত আলোচনা করা হয়। | (খ) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের- ১১২৫০/- টাকা ভাইস চেয়ারম্যানের- ৪০,৫০১/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যানের- ৪০,৫৯৬/- টাকার ভ্রমন ভাতা বিল সভায় অনুমোদন করা হয় এবং বিলগুলো উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | (খ) উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট। |
| | | (গ) সভায় আলোচনা কালে সভাপতি আরও জানান যে, (১) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন, হলরুম ও বাসাবাড়ী গুলো জরাজীর্ণ হওয়ায় ভবণ গুলো জরুরী ভাবে রং করা প্রয়োজন, (২) পরিষদের কমপ্লেক্স ভবণের পশ্চিম পার্শে বৃষ্টির পানিতে মাটি ধশে যাওয়ায় জরুরীভাবে মাটি ভরাট করা প্রয়োজন এবং (৩) উপজেলা পরিষদের আনসার সদস্যদের নতুন ব্যারাকে পানির লাইন সংযোগ না থাকায় এবং আনসার সদস্য অস্ত্রাগারের নিরাপত্তার জন্য আনসার ব্যারাকের পানির লাইন, সিলিং ফ্যান, বারান্দা ঘেরাও করা প্রয়োজন মর্মে সভায় সভাপতি সকল সদস্যগণের মতামত কামনা করেন। | (গ) সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সভায় সকল সদস্য একমত পোষণ করেন এবং ২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব তহবিল হতে ব্যয়ের নিমিত্ত নীতিমালার আলোকে পিপিআর-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণ করে প্রয়োজন মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী, আদিতমারী-কে অনুরোধ করা হয় এবং জরুরী ভাবে উক্ত প্রকল্প ৩ (তিন) টি বাস্তবায়ণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | (গ) উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট। এবং উপজেলা প্রকৌশীলী, আদিতমারী |

২২/০৪/২৫

(মোঃ ফারুক ইমরুল কায়েস)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।

৩৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট।
aditmari.lalmonirhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২০২.০০০.০২.০৬৬.২৩-২২২ (৫০) তারিখ ঃ২৬/০২/২০২৩ খ্রিঃ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ-

০১। জনাব নুরুজ্জামান আহমেদ, মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় ও মাননীয় জাতীয় সংসদ সদস্য-১৭, লালমনিরহাট-২ এবং উপদেষ্টা, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।
০৮। উপজেলা ....................................................................... অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
০৯। চেয়ারম্যান .....................................................................(সকল) ইউ.পি, আদিতমারী, লালমনিরহাট।

২৬.০২.২০২৩

(জি আর সারোয়ার)
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট
ফোন ঃ ০৫৯২২-৫৬০০১ (অঃ)
ফ্যাক্স নং ঃ ০৫৯২২-৫৬০৮০
Email. unoaditmari@mopa.gov.bd

২৬/২/২৩

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

| | বিভাগীয় কর্মকর্তাবৃন্দ | | নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী | ১ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী। |
| ২ | উপজেলা কৃষি অফিসার, আদিতমারী | ২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী। |
| ৩ | উপজেলা প্রকৌশলী, (এলজিইডি), আদিতমারী | ৩ | চেয়ারম্যান, ৪নং সারপুকুর ইউনিয়ন পরিষদ, আদিতমারী |
| ৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা, আদিতমারী | ৪ | চেয়ারম্যান, ৩নং কমলাবাড়ী ইউনিয়ন পরিষদ, আদিতমারী। |
| ৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী | ৫ | চেয়ারম্যান, ২নং ভেলাবাড়ী ইউনিয়ন পরিষদ, আদিতমারী |
| ৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদিতমারী | ৬ | চেয়ারম্যান, ৮নং মহিষখোচা ইউনিয়ন পরিষদ, আদিতমারী। |
| ৭ | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী | ৮ | চেয়ারম্যান, ৫নং সাপ্টিবাড়ী ইউনিয়ন পরিষদ, আদিতমারী |
| ৮ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), আদিতমারী | | |
| ৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী | | |
| ১০ | উপজেলা সমাজসেবা অফিসার, আদিতমারী | | |
| ১১ | উপজেলা নির্বাচন অফিসার, আদিতমারী | | |
| ১২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, আদিতমারী | | |
| ১৩ | ডিপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী | | |
| ১৪ | তথ্যসেবা কর্মকর্তা, তথ্যসেবা কেন্দ্র, আদিতমারী | | |
| ১৫ | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী | | |
| ১৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আদিতমারী, লালমনিরহাট | | |
| ১৭ | সাব-রেজিষ্টার, আদিতমারী, লালমনিরহাট | | |
| ১৮ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, আদিতমারী। | | |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান, কর্মকর্তা, আদিতমারী | | |
| ২০ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী | | |
| ২১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আদিতমারী | | |
| ২২ | উপজেলা মৎস্য অফিসার, আদিতমারী | | |
| ২৩ | উপজেলা বন, কর্মকর্তা, আদিতমারী | | |
| ২৪ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, আদিতমারী | | |
| ২৫ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, আদিতমারী | | |
| ২৬ | উপজেলা পাট অফিসার, আদিতমারী, লালমনিরহাট | | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

| | বিভাগীয় কর্মকর্তাবৃন্দ | | নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ |
|---|---|---|---|
| ১ | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক আদিতমারী | ১ | চেয়ারম্যান, ১নং দূর্গাপুর ইউনিয়ন পরিষদ, আদিতমারী |
| ২ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা,আদিতমারী | ২ | চেয়ারম্যান, ৭নং পলাশী ইউনিয়ন পরিষদ, আদিতমারী |
| ৩ | | ৩ | চেয়ারম্যান, ৬নং ভাদাই ইউনিয়ন পরিষদ, আদিতমারী |